



**বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর আওতায় দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ০৩-০৬-২০২১ খ্রি: তারিখ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব (ডা:) ও এপিএ কমিটির টিমপ্রধান জনাব মোঃ রফিকুল হাসানের সভাপতিত্বে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ভার্চুয়ালি একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য এপিএ কমিটির সদস্য জনাব এস.এম. শাফায়েত হোসেনকে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক নং ১.৪ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের জন্য এ সভা আহ্বান করা হয়েছে। তিনি সভায় এ বিভাগের সিটিজেনস চার্টার সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় **Rules of Business** এবং **Allocation of Business** অনুযায়ী লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা ও সংগঠনিক কাঠামো সম্পর্কে ধারণা দেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাদের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা প্রদান সম্পর্কে উপস্থিত প্রতিনিধিগণের অভিমত জানতে চান। বাংলাদেশ নির্বাচন কমিশনের উপসচিব রুহুল আমিন এ বিভাগের কাজ ও কাজের মান সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন এবং আইন/বিধিমালা প্রনয়নের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের গঠিত কমিটিতে এ বিভাগের প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করার জন্য মতামত প্রদান করেন। সভায় অংশগ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সামগ্রিক কাজ ও কাজের মান সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন।

৩. সভায় অংশগ্রহণকারী প্রতিনিধিদের সুপারিশের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যথা:-

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে নথি প্রেরণের ক্ষেত্রে ধাপ কমানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উভয় বিভাগের সচিব মহোদয়কে সুপারিশ প্রদান করা হবে।

৪. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রফিকুল হাসান)

যুগ্ম-সচিব (ডা:)

এবং

টিম প্রধান, এপিএ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর আওতায় দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা আয়োজন প্রসঙ্গে।

সভাপতি: যুগ্ম-সচিব (টিম প্রধান), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

তারিখ ও সময়: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার, ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

ক্রমিক নং	নাম ও পদবী	মন্ত্রণালয়/বিভাগ	টেলিফোন নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১।	এন,এ,এম জসিমউদ্দীন আইন কর্মকর্তা	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়	০১৮১৫৬৯৯৫৪৪ Namjashim1972@gmail.com	ভার্চুয়ালি
২।	জনাব এস এম শাহ হাবিবুর রহমান হাকিম উপসচিব (বাজেট অধিশাখা)	নৌ- পরিবহন মন্ত্রণালয়	০১৭১২-৩৯৭৯৬১ hakimzoh@gmail.com	ভার্চুয়ালি
৩।	মোঃ দেলোয়ার হোসেন উপসচিব (প্রশাসন-৫, প্রশাসন ও শৃঙ্খলা)	সমাজকল্যাণ মন্ত্রণালয়	০১৯২৭৪৯৭৮৮৫ ds.admin5@msw.gov.bd	ভার্চুয়ালি
৪।	বুহল আমিন উপসচিব	বাংলাদেশ নির্বাচন কমিশন	০১৭১৫-২৯৫০৪৬	ভার্চুয়ালি
৫।	মীর মুয়াজ্জেম হসেন নির্বাহী প্রকৌশলী	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	০১৫৩৬-১০২০৬১ hmirmuazzem@yahoo.com	ভার্চুয়ালি
৬।	এস,এম, শাফায়েত হোসেন উপসচিব	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক	০১৭১১২৬৪১৫৭ shafaet@legislative.gov. bd	ভার্চুয়ালি
৭।	মৌসুমী দাস সিনিয়র সহকারী সচিব (ডাফটিং)	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক	০১৯১১২২৩০৫৬ mousumi@legislative.gov. v.	ভার্চুয়ালি
৮।	সৌমেন পালিত বাবু সহকারী সচিব (ডাফটিং) (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা)	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক	০১৮১৪৩৭১৫৫৬ sowmen.babu@legislative.gov. bd	ভার্চুয়ালি